

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। পূর্বের অনুমোদিত দরের কপি।
৩। আলোচ্য কাজের প্রাক্কলন এর কপি।

বিষয়: Repair & Maintenance Computer accessories for Maintenance Division of SWTP.

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৩ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুইটি শোধনাগার এবং প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। যার সাহায্যে ০৮টি মডস জোনে পানি সরবরাহ করা হয়। ফলে অত্র অফিসের সকল কাজ-কর্ম জরুরী ভিত্তিতে সমাধান করতে হয়। অত্র অফিসের সকল কাজ-কর্ম প্রায়ই অন লাইন ভিত্তিক এবং স্ক্যাডা মাধ্যমে পরিচালিত। অন লাইন ভিত্তিক এবং স্ক্যাডা মাধ্যমে পরিচালিত হওয়ায় কম্পিউটার, মনিটর সহ অন্যান্য মালামালের খুবই প্রয়োজনীয়। কিন্তু অত্র অফিসের ব্যবহৃত তিনটি কম্পিউটারের কয়েকদিন ধরে বিভিন্ন ধরনের সমস্যা দেখা দিয়েছে। বিধায় অফিসিয়াল বাক্স তথা ই-নথি, ই-জিপি, পানির মেইন ট্রান্সমিশন নেটওয়ার্ক ইত্যাদি এবং বিভিন্ন চিঠিপত্র/রিপোর্ট করতে সমস্যা/ধীরগতি হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে অফিসের বিভাগীয় কাজ-কর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কম্পিউটার মেরামত করা প্রয়োজন।

০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-০৩)। এতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৪৯,১৮০/- (উনপঞ্চাশ হাজার একশত আশি) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের Computer Maintenance (কোড ০১-০২-০২৩) খাত হতে নির্বাহ করা যেতে পারে।


০৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৪৩ এবং প্যাকেজ নং-EU4 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান Barishal Enterprise কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ'ল।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে "Repair & Maintenance Computer accessories for Maintenance Division of SWTP." শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।
ক) উল্লিখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি Barishal Enterprise এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪৯,১৮০/- (উনপঞ্চাশ হাজার একশত আশি) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় Computer Maintenance (কোড ০১-০২-০২৩) খাত হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।




রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



মির্জা গোলাম কিব্রিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।





প্রকৌশলী মোঃ আব্দুল সাদেক ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।